

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন-৫ শাখা
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর : ২৭.০০.০০০০.০৭৫.৯৯.০০২.২৩. ৯২০

তারিখ: ০৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

বিষয়: আমদানিকৃত পণ্যের ঘোষিত অস্বাভাবিক উচ্চ মূল্যে শুল্কায়ন বিষয়ে মতামত প্রদান।


- সূত্র: ১. চট্টগ্রাম কাস্টমস হাউস এর পত্র নং-০৫/কা: হা: চট্ট/সেকশন-চবি/৩৮৮/শুল্কায়ন/২০২৪/১৭৯০৪ তারিখ: ২০/০২/২০২৪
২. সিপিজিসিবিএল এর স্মারক নম্বর: ২৭.৩২.০০০০.০১২.১৪.০০৭.২০.৩ তারিখ: ০৫/০৩/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফাস্ট ট্র্যাকভুক্ত “মাতারবাড়ি ২X৬০০ মে.ও. কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র” প্রকল্পটি ঠিকাদার The Consortium of Sumitomo Corporation, Toshiba Energy Systems and Solutions Corporation and IHI Corporation and IHI Corporation (STIC) (Contract No. CPGCBL/MAT/PKG1.2/2017/1338 Dated: 27 July 2017)-এর আওতায় জাইকার অর্থায়নে প্রকল্পের নির্মাণ কাজ চলমান রয়েছে। সূত্রোক্ত ১ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) কর্তৃক প্রেরিত ব্যাখ্যা এ সাথে প্রেরণ করা হলো।

০২। ব্যাখ্যানুসারে আমদানিকৃত মালামাল ঠিকাদারের সাথে সরকার কর্তৃক অনুমোদিত চুক্তি অনুযায়ী Contract Price Schedule-এ উল্লিখিত মূল্য অনুসারে আমদানি করা হয়ে থাকে। বর্ণিত মালামালগুলো ইপিসি চুক্তির আইটেম নং- 6.8.1- Transformers, 6.12.4-Workshop and Store Equipment, 6.8.7-Cable Trays-এর অন্তর্ভুক্ত। (Transformers, Workshop and Store Equipment, Cables and Cable Trays)-এর অন্তর্গত বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র আইটেম মালামালের সমন্বয়ে বর্ণিত আইটেমের Price-ইপিসি চুক্তিতে থোক হিসেবে প্রদান করা হয়। পক্ষান্তরে মালামাল আনয়নের সময় ইনভয়েসে প্রতিটি ক্ষুদ্র ক্ষুদ্র অসংখ্য মালামালের আইটেম ইনভয়েসে দেখানো হয়। কিন্তু এই অসংখ্য মালামালগুলি এক সাথে একটি আইটেম হিসেবে Price schedule-এ ইপিসি চুক্তিতে লিপিবদ্ধ থাকে। সামগ্রিকভাবে ইপিসির চুক্তি সংশ্লিষ্ট আইটেমের Price-এর মূল্য ঠিক থাকে। কিছু আইটেমের Price কম, আবার কিছু আইটেমের Price বেশি (ইনভয়েস অনুসারে) হলেও চুক্তির সংশ্লিষ্ট আইটেম এর মোট মূল্য অতিক্রান্ত হয় না।

০৩। এমতাবস্থায়, ফাস্টট্র্যাকভুক্ত প্রকল্প বাস্তবায়নের স্বার্থে “মাতারবাড়ি ২X৬০০ মে.ও. কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র” নির্মাণ কাজে ব্যবহারের নিমিত্ত আমদানিকৃত উল্লিখিত মালামালসমূহ দ্রুত শুল্কায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।


- 20/03/2024

(তাহমিনা বেগম)

যুগ্মসচিব

ফোন : ৯৫৪৬৭১৫

ই-মেইল: dev-5@pd.gov.bd

কমিশনার অব কাস্টমস

চট্টগ্রাম কাস্টম হাউজ, চট্টগ্রাম

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

০২। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড, ঢাকা।

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।